



যুক্তরাষ্ট্রের প্রতি আস্থাহীনতা নিয়েই আলোচনায় ইরান



আব্বাস আরাগচি। ছবি: সংগৃহীত

ইসলামাবাদে যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনার আগে কঠোর অবস্থান জানাল ইরান। পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি বলেন, ওয়াশিংটনের প্রতি পূর্ণ অনাস্থা নিয়েই তেহরান আলোচনায় বসছে।

তিনি অতীত অভিজ্ঞতার কথা উল্লেখ করে বলেন, যুক্তরাষ্ট্র বারবার প্রতিশ্রুতি ভঙ্গ করেছে এবং কূটনৈতিক আস্থার পরিবেশ নষ্ট করেছে। তাই ইরান এখন আর ওয়াশিংটনের ওপর ভরসা করতে পারছে না। তবে তিনি জোর দিয়ে বলেন, যেকোনো পরিস্থিতিতেই জাতীয় স্বার্থ রক্ষায় ইরান দৃঢ় থাকবে।

এদিকে আলোচনার অবস্থান নিয়ে আগাম সতর্কবার্তা দিয়েছেন ইরানের প্রথম ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ রেজা আরেফ। তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে বলেন, মার্কিন প্রতিনিধিরা যদি কেবল নিজেদের স্বার্থ বা ‘আমেরিকা ফার্স্ট’ নীতি সামনে রেখে এগোয়, তাহলে পারস্পরিক লাভজনক চুক্তিতে পৌঁছানো সম্ভব হবে না।

LENS ASIA